দৈনিক
ইত্তেফাক

AUG. 16 2006
পৃষ্ঠা ৩ কলাম ২

# স্কুল কলেজ মাদ্রাসায় ইন্টারনেট ফ্রি বিটিটিবি ফোনের লাইন রেন্ট উঠে যাচ্ছে

বাসস ॥ সরকারি টেলিফোন (বিটিটিবি) লাইনের মাসিক লাইন রেন্ট দেড়শ' টাকা তুলে দেয়ার জন্য সরকার চিন্তা-ভাবনা করছে। ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রী ব্যারিস্টার আমিনুল হক সোমবার বাসস'কে জানান, তিনি টিএন্ডটি চেয়ারম্যানকে এ ব্যাপারে অর্থ মন্ত্রণালয়ে প্রস্তাব পাঠানোর নির্দেশ দিয়েছেন।

মন্ত্রী জানান, ইতিমধ্যে মাধ্যমিক স্কুল-কলেজ-মাদ্রাসায় ইন্টারনেট ব্যবহারের জন্য প্রতি মিনিট ৩ পয়সা থেকে ফ্রি করে দেয়ার নির্দেশ দেয়া হয়েছে। একই সঙ্গে টেলিফোনের সংযোগ ফি ১০ হাজার টাকার স্থলে ঢাকা-চট্টগ্রামে ৬ হাজার টাকা, জেলা শহরে ৪ হাজার এবং উপজেলায় আড়াই হাজার টাকা করা হয়েছে, যা চলতি মাস থেকে কার্যকর হয়েছে। একইভাবে কমানো হয়েছে টেলিফোন স্থানান্তর ফি। পাশাপাশি এনডব্লিউডি কলচার্জ সর্বোচ্চ ৭০ ভাগ এবং আইএসডি কলচার্জ ৫০ ভাগ পর্যন্ত কমানো হয়েছে। এই পদ্ধতিতে ২৫টি দেশে প্রতি মিনিট মাত্র সাড়ে ৭ টাকায় কল করা যাচ্ছে। দেশগুলো হচ্ছে- অস্ট্রেলিয়া, কানাডা, ফ্রান্স, জার্মানি, হংকং, ইতালি, মালয়েশিয়া, সিঙ্গাপুর, আমেরিকা, যুক্তরাষ্ট্র, চীন, দক্ষিণ কোরিয়া, থাইল্যান্ড, ব্রুনাই, তাইওয়ান, নরওয়ে, আয়ারল্যান্ড, স্পেন, বেলজিয়াম, অস্ট্রিয়া, গ্রীস, লুক্সেমবার্গ, সুইডেন, সুইজারল্যান্ড ও নেদারল্যান্ড।

তাছাড়া আইসিটি কার্যক্রম বিকাশের লক্ষ্যে বর্তমান সরকারের আমলে ইন্টারনেট ও ডাটা কমিউনিকেশন সার্ভিসের সংযোগ চার্জ ও ব্যবহার ফি কয়েক ধাপে কমানো হয়েছে এবং ক্ষেত্র বিশেষে এই কমানোর হার ৮০ শতাংশ বেশি বলে ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রী ব্যারিস্টার আমিনুল হক বাসস'কে জানান।